কোটচাঁদপুরে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্ভোধন

উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘ এ শ্লোগানে কোটচাঁদপুরে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্ভোধন করা হয়েছে। বুধবার সকালে উপজেলা সম্মেলন কক্ষে এ মেলার উদ্ভোধন করা হয়।

উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারি কমিশনার(ভুমি) নিরুপমা রায়, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার বিশ্বাস, কৃষি কর্মকর্তা মহাসিন আলী, সমাজসেবা কর্মকর্তা জহুরুল ইসলাম,পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা,পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা চম্পা অধিকার।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলার বিভিন্ন স্কুল কলেজের ছাত্র/ছাত্রীরা। উদ্ভাবনী মেলায় ২২ টি স্টোল স্থান পেয়েছেন। এর আগে উপজেলা চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। পরে শোভাযাত্রাটি বিদ্যুৎ অফিস মোড়, বাজেবামনদহ তেল পাম্পের সামনে থেকে ঘুরে এসে উদ্ভোধনী মেলার আলোচনা সভায় মিলিত হন।

এরপর অতিথি বৃন্দরা স্টোল পরিদর্শন করেন। বিকালে পুরস্কার বিতরনের মধ্যদিয়ে মেলার সমাপ্তি হবেন বলে জানিয়েছেন নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। অনুষ্ঠান সঞ্চালনা করেন মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের।

মেহেরপুরে দিন ব্যাপী ডিজিটাল

উদ্ভাবনী মেলার উদ্বোধন

বুধবার সকালে মেহেরপুর উপজেলা চত্বরে উদ্ভাবনের জয় উল্লাসে স্মার্ট বাংলাদেশ এই প্রতিপাদ্য সামনে রেখে ডিজিটাল মেলার শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

মেহেরপুর উপজেলার নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) আব্দুল্লাহ আল বাকির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাশেম এ সময় মেহেরপুর উপজেলা পর্যায়ে ডিজিটাল মেলায় বরাদ্দকৃত বিভিন্ন স্টলে স্কুল, কলেজ এর ছাত্র ছাত্রী এবং বিভিন্ন সরকারি অধিদপ্তর অংশগ্রহণ করে।

গাংনীতে দিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন

‘উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘এই প্রতিপাদ্যে গাংনী উপজেলা পরিষদ প্রাঙ্গণে দিনব্যাপি ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়েছে ।

আজ বুধবার (৯ নভেম্বর) সকাল সাড়ে ৯ টার সময় মেলার প্রধান অতিথি মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান ফিতা কেটে এ মেলার উদ্বোধন করেন।

ডিজিটাল উদ্ভাবনী মেলা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।
অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর

রাজ্জাক।

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, এখন সরকারের সব সেবা ডিজিটাইলজড হয়ে গেছে। ডট গভ ডট বিডিতে প্রবেশ করলে সরকারের সব সেবাসহ হাজার হাজার লিংক পাবেন। বয়স্কভাতা, পেনশন, ছাত্র ছাত্রীদের ভর্তিসব কিছু এখন অনলাইনেই হয়ে থাকে। তিনি বলেন, তবে মনে রাখতে হবে, ডিজিটালাইজডের ভাল ও মন্দ দুটো দিকই রয়েছে। ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে অনলাইন জুয়ার মাধ্যমে এদেশ থেকে হাজার হাজার কোটি টাকা বিদেশ পাচার করেছে জুয়াড়িরা। এসব অনলাইন জুয়াড়ি ও মাদকের ব্যপারে জনপ্রতিনিধি ও জনগণকে সচেতন হতে হবে। তাদের সমাজ থেকে চিহিৃত করে পরিহার করতে হবে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আলম মাসুম অনুষ্ঠানে সঞ্চালনা করেন। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক ও হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি মাষ্টারসহ সরকারি অফিসের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উপজেলা পরিষদ চত্বরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এ মেলা আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা – ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি।

উদ্বোধন শেষে মেলার স্টল ঘুরে দেখেন প্রধান অতিথি সহ অতিথি

মুজিবনগরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

‘উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘এই প্রতিপাদ্যে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজন করা হয়েছে ডিজিটাল উদ্ভাবনী মেলা।

সোমবার সকালে মুজিবনগর উপজেলা চত্বরে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

এর আগে মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা-উল-জান্নাহ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মেলার উদ্বোধন করেন।

উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু,মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন, মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন।

মেলাই (১) উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ(২)ডিজিটাল সেবা(৩)হাতের মুঠোয় সেবা (৪) শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান নামে চারটি প্যাভিলিয়ন অংশগ্রহণ করে। প্যাভিলিয়ন-১ উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ প্যাভিলিয়নে, উপজেলা কৃষি অফিস,সমাজ সেবা অফিস। প্যাভিলিয়ন-২ ডিজিটাল সেবা প্যাভিলিয়নে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,উপজেলা ভূমি অফিস,উপজেলা নির্বাচন অফিস,মুজিবনগর থানা,উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস,পরিবার পরিকল্পনা অফিস।

প্যাভিলিয়ন-৩ হাতের মুঠোয় সেবা প্যাভিলিয়নে, ব্যাংক,ইউনিয়ন ডিজিটাল সেন্টার উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ অফিস,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,উপজেলা শিক্ষা অফিস প্যাভিলিয়ন-৪ শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান প্যাভিলিয়নে,মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,যুব উন্নয়ন অধিদপ্তর,মহিলা বিষয়ক

অধিদপ্তর,বিআরডিবি,আনসার ও ভিডিপি অফিস অংশ গ্রহন করে। এছাড়াও দিন ব্যাপি আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা অনু্ষ্ঠিত হয়।

বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনব্যাপি মেলার সমাপ্তি হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, বিজ্ঞান শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে উন্নয়নের অগ্রযাত্রায় ২০৩০ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশকে টেকসই লক্ষ্যমাত্রা অর্জনে মডেল এসডিজি রাষ্ট্র এবং প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ, সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে মুজিবনগরে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং উদ্ভাবনী অলিম্পিয়াড এর আয়োজন করা হয়েছে।

এক চার্জে ১৯ দিন! ফ্লিপ ফোন দিয়ে নোকিয়ার নতুন প্রত্যাবর্তন

স্মার্টফোন বাজার দখল করার আগে এক সময় মোবাইল ফোন দুনিয়ায় রমরমা ছিল নোকিয়ার। নিয়মিত নতুন ফোন লঞ্চ করে গ্রাহকদের মন জয় করেছিল ইউরোপের সংস্থাটি। যদিও পরে স্মার্টফোন দুনিয়ায় ঘুরে দাঁড়াতে চেষ্টা করলেও খুব বেশি সাফল্য পায়নি নোকিয়া।

এই পরিস্থিতিতে ফের একবার ফিচার ফোন বাজারেই নজর দিয়েছে সংস্থাটি। চলতি বছর কোম্পানির একের পর এক ফিচার ফোন লঞ্চ হয়েছে। এই ফোনগুলির চাহিদাও আকাশ ছোঁয়া। এই জনপ্রিয়তার কথা মাথায় রেখেই নতুন ফ্লিপ ফোন বাজারে আনল নোকিয়া। নস্টালজিয়ায় মোড়া এই ফোনে তাবরতঙ্কয়াল -এর প্রসেসর। আগের মতোই ব্যাক আপ পাবেন।

ফিচার ফোনের বাজারে কামব্যাক করতে নতুন মডেল লঞ্চ করল নোকিয়া।

চলতি সপ্তাহে বাজারে এসেছে নোকিয়া ২৭৮০ ফ্লিপ। এন্ড্রয়েড ফোনের মতো এই মডেলেও স্নাপড্রাগন প্রসেসর ব্যবহার করেছে নোকিয়া। থাকছে কোয়ালকম ২১৫৫ চিপসেট। এই ফোনের বাইরে ও ভিতরে দুটি পৃথক ডিসপ্লে দিয়েছে নোকিয়া। ফোনের ভিতরে ২.৭ ইঞ্চি টিএফটি ডিসপ্লে ও আইরে ১.৭৭ ইঞ্চি ডিসপ্লে থাকছে। ৪ জিবি রম ও ৫১২ জিবি ইন্টারনাল স্টোরেজ সহ এই ফোন কেনা যাবে। রয়েছে ফোরজি VoLTE সাপোর্ট। ফোনের ভিতরে থাকছে ১৪৫০ এমএইচ ব্যাটারি।

নোকিয়া ২৭৮০ ফ্লিপ :প্রসেসর ও কানেক্টিভিটি
নোকিয়া ২৭৮০ ফ্লিপ-এ চলবে KaiOS 3.1 অপারেটিং সিস্টেম। এই ফোনে শক্তি জোগাবে কোয়ালকম ২১৫ চিপসেট। ৪ জিবি র্যাম ও ৫১২ জিবি ইন্টারনাল স্টোরেজ থাকছে। এফএম রেডিও ছাড়াও এই ফিচার ফোনে Wi-Fi 802.11 b/g/n সাপোর্ট দিয়েছে নোকিয়া।

নোকিয়া ২৭৮০ ফ্লিপ ডিসপ্লে:এই ফোনের বাইরে ২.৭ ইঞ্চি টিএফটি ডিসপ্লে ব্যবহার করেছে নোকিয়া। ফোনের বাইরের দিকে থাকছে একটি ১.৭৭ ইঞ্চি ডিসপ্লে। নতুন ফ্লিপ ফোন মডেলে রয়েছে ৫ মেগা পিক্সেল ক্যামেরা, সঙ্গে রয়েছে এলইডি ফ্ল্যাশ। থাকছে ১,৪৫০ mAh ব্যাটারি।

কোম্পানির দাবি এই ফোনে এইচডি কল কোয়ালিটি পাওয়া যাবে। একই সঙ্গে লম্বা ব্যাক আপ মিলবে।

নোকিয়া ২৭৮০ ফ্লিপ: ব্যাটারি
লম্বা ব্যাক আপের জন্য এই ফোনে ১,৪৫০ mAh ব্যাটারি দিয়েছে নোকিয়া। একই সঙ্গে কত ব্যাক আপ পাওয়া যাবে সেই খতিয়ানও কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করেছেন সংস্থাটি। এক চার্জে কতদিন চলবে নোকিয়া ২৭৮০ ফ্লিপ। বিস্তারিত হিসাব দেখে নিন।

নোকিয়া ২৭৮০ ফ্লিপ: ব্যাক আপ
নোকিয়া জানিয়েছে এক চার্জে ১৯ দিন স্ট্যান্ড বাই ব্যাক আপ দেবে নোকিয়া। সেই ক্ষেত্রে থাকতে হবে ৩জি নেটওয়ার্কে। ৪জি অথবা ২জি নেটওয়ার্ক ব্যবহার করলে মিলবে ১৮ দিন স্ট্যান্ডবাই ব্যাক আপ। ৩জি নেটওয়ার্কে ৬.৯ ঘণ্টা, ৪জি নেটওয়ার্কে ৩.৪ ঘণ্টা ও ২জি নেটওয়ার্কে ৭.৩ ঘণ্টা টকটাইম পাওয়া যাবে।

নোকিয়া ২৭৮০ ফ্লিপ: দাম
নোকিয়া-র নতুন ফ্লিপ ফোন কিনতে খরচ হবে ৯০ মার্কিন ডলার (প্রায় ৭,৪৫০ টাকা)। নীল ও লাল রঙে কেনা যাবে এই ফোন। যদিও এই ফোন বিক্রি শুরু করেনি নোকিয়া। যদিও ইতিমধ্যেই কোম্পানির ওয়েবসাইটে

এই ফোন দেখা গিয়েছে। সেখানে রয়েছে নোটিফাই মি বাটন। এই বাটন প্রেস করে সাবস্ক্রাইব করলে ফোন বিক্রি শুরু হলে ইমেলের মাধ্যমে জানিয়ে দেবে নোকিয়া। যদিও শুধু ফিচার ফোন নয়, স্মার্টফোন বাজারেও ঘুরে দাঁড়ানোর মরিয়া চেষ্টা করছে নোকিয়া। সম্প্রতি লঞ্চ হয়েছে কোম্পানির নোকিয়া জি৬০ ৫জি। মিডরেঞ্জ সেগমেন্টের এই ফোনে অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেম চলবে।

টুইটার ছাড়ছেন অনেকে

ইলন মাস্ক এখন টুইটারের সর্বেসর্বা। বিশ্বের শীর্ষ ধনী ও যুক্তরাষ্ট্রের বৈদ্যুতিক গাড়ি নির্মাণ প্রতিষ্ঠান টেসলার প্রধান টুইটার কেনার পর প্রতিষ্ঠানটির অনেকেই চাকরি ছাড়ছেন। ইলন মাস্ক নিজেই টুইটারের পরিচালনা পর্ষদ ভেঙেও দিয়েছেন। প্রতিষ্ঠানটির বিজ্ঞাপন ও বিপণন প্রধানও সম্প্রতি চাকরি ছেড়েছেন।

জানা গেছে, টুইটারের শীর্ষ ব্যবস্থাপনার ক্রমবর্ধমান প্রস্থানের কারণে বিজ্ঞাপন ও বিপণন প্রধানসহ বেশ কয়েক জন কর্মকর্তা গত কয়েক দিনে কোম্পানি ছেড়ে চলে গেছেন। গত সপ্তাহে ৪ হাজার ৪০০ কোটি ডলারে টুইটার কিনে নেন ইলন মাস্ক। এরপর থেকেই প্রতিষ্ঠানটি ঢেলে সাজাতে তার তত্পরতা শুরু হয়। এরই মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) পরাগ আগারওয়াল, প্রধান আর্থিক কর্মকর্তা নেড সিগাল, আইন ও নীতিমালা বিষয়ক প্রধান বিজয়া গাড্ডেকে সরিয়ে দিয়েছেন তিনি। এর আগে টুইটারের পরিচালক ছিলেন ৯ জন। পরিচালনা পর্ষদ থেকে বিদায় নেওয়া কর্মকর্তাদের মধ্যে রয়েছেন টুইটার বোর্ডের সাবেক চেয়ারম্যান ব্রেট টেলরও।

প্রধান গ্রাহক কর্মকর্তা ও বিজ্ঞাপন কর্তা সারাহ পারসোনেট মঙ্গলবার টুইটারে জানান, তিনি গত সপ্তাহে পদত্যাগ করেছেন। কীভাবে মাস্কের অধীনে সোশ্যাল মিডিয়া কোম্পানি পরিবর্তন হবে তা নিয়ে বিজ্ঞাপনদাতাদের অনিশ্চয়তার কথাও তুলে ধরেন তিনি। চিফ পিপল অ্যান্ড ডাইভারসিটি কর্মকর্তা ডালানা ব্র্যান্ডও মঙ্গলবার লিংকডইন পোস্টে ঘোষণা করেন যে, তিনিও গত সপ্তাহে পদত্যাগ করেছেন। জেনারেল ম্যানেজার নিক ক্যাল্ডওয়েল টুইটারে তার প্রস্থান

নিশ্চিত করেছেন। সোমবার রাতের মধ্যে তার প্রোফাইল ‘সাবেক টুইটার কর্মকর্তা’ হিসেবে পরিবর্তন করেন তিনি।

প্রধান মার্কেটিং কর্মকর্তা লেসলি বার্ল্যান্ড, টুইটারের হেড অব প্রোডাক্ট জে সুলিভান ও এর গ্লোবাল সেলসের ভাইস প্রেসিডেন্ট জিন-ফিলিপ মাহেউও চলে গেছেন। তবে তারা পদত্যাগ করেছেন নাকি চলে যেতে বলা হয়েছে তা তাত্ক্ষণিকভাবে স্পষ্ট হওয়া যায়নি। যদিও বিষয়টি নিয়ে কেউ মুখ খোলেননি। তবে একাধিক কর্মী বলেছেন যে তারা কোম্পানির ভবিষ্যত্ সম্পর্কে খুব একটা জানতে পারছেন না। বুধবার একটি বৈঠক হওয়ার কথা থাকলেও পরে তা বাতিল করা হয়।

ইলন মাস্ককে যে অনুরোধ জানালেন কঙ্গনা

মালিকানা বদলের পর ইলন মাস্কের কাছে নিজের টুইটার অ্যাকাউন্ট ফেরত চাইলেন বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত।

ইলন মাস্ককে ট্যাগ করে কঙ্গনা গত শুক্রবার ইনস্টাগ্রামে একটি পোস্ট দেন। খবর ট্রিবিউন ইন্ডিয়ার।

কঙ্গনার পোস্টটিতে এক নেটিজেন লিখেছেন— ‘বাকস্বাধীনতা বিষয়টি অত্যন্ত জরুরি। এর জন্য কঙ্গনা রানাওয়াতের টুইটার হ্যান্ডেলকেও ফিরিয়ে দেওয়া উচিত।’

রাজনৈতিক উসকানিমূলক টুইট করার কারণে গত বছরের মে মাসে কঙ্গনার টুইটার হ্যান্ডেলকে সাসপেন্ড করা হয়। এ ঘটনার প্রতিবাদও করেছিলেন কঙ্গনা।

প্রভাবশালী সামাজিক যোগাযোগমাধ্যম টুইটার চার হাজার ৪০০ কোটি ডলারে কিনে নিয়েছেন বিশ্বের শীর্ষ ধনী ইলন মাস্ক। বৃহস্পতিবার বিকাল থেকেই টুইটারের দায়িত্ব নিয়েছেন তিনি।

টুইটারের দায়িত্ব নিয়েই একের পর এক পদক্ষেপ নিয়েছেন মাস্ক। সঙ্গে সঙ্গে অপসারণ করা হয়েছে টুইটারের সিইও পরাগ আগরওয়ালকে।

এমনকি টুইটারের ফিন্যান্সিয়াল সিইও নেড সেগালকেও বরখাস্ত করেছেন ইলন মাস্ক। তাদের বিরুদ্ধে ভুল তথ্য দেওয়ার অভিযোগ করেছিলেন টুইটারের নতুন মালিক।

ইনস্টাগ্রামে অপরিচিত অ্যাকাউন্ট থেকে পাঠানো বার্তা পড়বেন যেভাবে

সহজে ছবি ও ভিডিও বিনিময়ের পাশাপাশি সেগুলো ২৪ ঘণ্টা পর স্বয়ংক্রিয়ভাবে মুছে যাওয়ায় ব্যবহারকারীদের কাছে খুবই জনপ্রিয় ইনস্টাগ্রাম। আর তাই সামাজিক যোগাযোগমাধ্যমটিতে নিয়মিত ছবি ও ভিডিও পোস্ট করে তারকাও বনে গেছেন অনেকে। নিরাপদ থাকতে অনেকের অ্যাকাউন্টেই অনলি ফলোয়ার অপশন নির্বাচন করা থাকে। ফলে ফলোয়াররা ছাড়া অন্য কেউ সরাসরি বার্তা পাঠাতে পারেন না। অপরিচিত কেউ বার্তা পাঠালে সেগুলো হিডেন মেসেজ রিকোয়েস্ট ফোল্ডারে জমা হয়।

নিরাপত্তা সেটিংস পরিবর্তন না করেই ইনস্টাগ্রামের হিডেন মেসেজ রিকোয়েস্ট ফোল্ডারে থাকা অপরিচিত ব্যক্তিদের পাঠানো বার্তা পড়া যায়। বার্তায় অনাকাঙ্ক্ষিত বা আক্রমণাত্মক কোনো তথ্য থাকলে সেই অ্যাকাউন্টের বিরুদ্ধে অভিযোগও করা যাবে। হিডেন মেসেজ রিকোয়েস্ট ফোল্ডারে থাকা বার্তা পড়ার কৌশল জেনে নেওয়া যাক।

ইনস্টাগ্রাম চালু করে প্রথমেই ফিডের ডান দিকের ওপরে থাকা ডাইরেক্ট মেসেজ আইকনে ক্লিক করতে হবে। এরপর ওপরের ডান দিকে থাকা রিকোয়েস্ট বাটনে ক্লিক করে হিডেন রিকোয়েস্ট অপশনে ক্লিক করতে হবে। এবার নির্দিষ্ট বার্তা ট্যাপ করলেই সেখানে থাকা তথ্য জানা যাবে। বার্তাটি বেশি সময় ধরে ট্যাপ করলে ব্লক, ডিলিট ও একসেপ্ট রিকোয়েস্ট অপশন দেখা যাবে। একসেপ্ট রিকোয়েস্ট অপশন নির্বাচন করলে বার্তাটি ইনস্টাগ্রামের মূল মেসেজ অপশনে চলে যাবে।

হিডেন মেসেজ রিকোয়েস্ট ফোল্ডারে থাকা সব বার্তা মুছে ফেলতে

তিন বছরের মধ্যে প্রথমবার কমলো ইউটিউবের আয়

বৈশ্বিক আর্থিক মন্দার মধ্যে গত ৩ বছরের মধ্যে প্রথমবার কমলো ইউটিউবের আয়। অ্যালফাবেট আইএনসির ত্রৈমাসিক রিপোর্ট অনুযায়ী, গত বছরের তুলনায় ইউটিউবের আয় কমেছে ২ শতাংশ। খবর হিন্দুস্তান টাইমস।

অ্যালফাবেট আইএনসির তৃতীয় ত্রৈমাসিকের রিপোর্ট অনুসারে, গুগলের আয় গত বছরের তুলনায় ৬ শতাংশ বেড়ে হয়েছে ৬৯০০ কোটি ডলার, যা গত বছরের তুলনায় ৬ শতাংশ বেশি। বিনিয়োগকারীদের প্রত্যাশা ছিল আয় বেড়ে অন্তত ৭০৯০ কোটি ডলার হবে।

বিশেষজ্ঞদের মতে, একদিকে পশ্চিমা বিশ্বে অর্থনৈতিক মন্দার আশঙ্কা, অন্যদিকে টিকটকসহ অন্য অ্যাপের ক্রমবর্ধমান জনপ্রিয়তার সঙ্গে লড়তে হচ্ছে গুগলকে।

রিপোর্ট অনুসারে, গত বছরের তুলনায় বিজ্ঞাপন থেকে অ্যালফাবেটের আয় নামমাত্র বেড়েছে। গত ত্রৈমাসিকে বিজ্ঞাপন থেকে তাদের আয় হয়েছে ৫৪৫০ কোটি ডলার, যা গত বছর ছিল ৫৩১০ কোটি ডলার। তবে গত ৩ বছরে গত ত্রৈমাসিকে প্রথমবারের জন্য কমেছে ইউটিউবের আয়।

অ্যালফাবেটের তথ্য অনুসারে, গত ত্রৈমাসিকে ইউটিউব থেকে তাদের আয় হয়েছে ৭০০ কোটি ডলার, যা গত বছর ছিল ৭২০ কোটি ডলার।

সংস্থার চিফ এগজিকিউটিভ সুন্দর পিচাই বলেছেন, আমরা নির্দিষ্ট কয়েকটি পণ্য ও ব্যবসায়িক অগ্রাধিকারের ওপর জোর দিচ্ছি। সঙ্গে ইউটিউব শর্টস, সার্ট ও ক্লাউড থেকে আয় বাড়ানোর পথ খুঁজছি।

বিশেষজ্ঞদের মতে, মন্দার আশঙ্কায় পশ্চিমা বিশ্বের বহু প্রতিষ্ঠান বিজ্ঞাপন খরচ কমানোর সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া নানাভাবে ব্যায় কমিয়ে এনেছে তারা। অ্যালফাবেটও বেশ কয়েকটি বিভাগে কর্মী নিয়োগ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।